



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন নং : ০২-২২২৩৩৮৩৫৩৫

০২-২২২৩৩৫৭৮৮২

Email: dgmcsd@krishibank.org.bd

Web : www.krishibank.org.bd

প্রকিউরমেন্ট বিভাগ

স্মারক নং প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬/২০২৪-২০২৫/৭৫৮

তারিখঃ ০৯-০৩-২০২৫ খ্রি.

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা

উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

সকল শাখা ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পবিত্র রমজান মাস এবং আসন্ন ঈদের ছুটিতে ব্যাংকের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নবর্ণিত নিরাপত্তা বিষয়গুলো যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করা হলোঃ

১. দেশের সাম্প্রতিক প্রেক্ষাপটে দুর্বৃত্তরা পবিত্র রমজান মাসে সারাদেশে নাশকতাসহ বিভিন্ন ধরনের চুরি, ডাকাতির পরিকল্পনা করতে পারে। বিশেষ করে তারাবির নামাজের সময় এরূপ ঘটনা ঘটানো সম্ভব। কারণ এই সময়ে বেশীর ভাগ মানুষ তারাবির নামাজ আদায়ে ব্যস্ত থাকে। বিধায় সে সময় ব্যাংকের সকল শাখা/কার্যালয়/ উপশাখা/এটিএম বুথে নিরাপত্তা প্রহরীর সংখ্যা তুলনামূলক কম থাকে। যদি পর্যাপ্ত নিরাপত্তা প্রহরী না থাকে সেক্ষেত্রে তাদেরকে কর্মস্থলেই নামাজ আদায় করতঃ সতর্কতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করতে হবে।

২. ইফতার ও সেহরীর সময় পরিবেশ অনেকটা নিরিবিলি থাকে সেই সময় যাতে দুঃস্বভাবকারীরা ব্যাংকের শাখা/ কার্যালয়/উপশাখা/এটিএম বুথে নাশকতা ও চুরি/ডাকাতি করতে না পারে সে ব্যাপারে দায়িত্বরত নিরাপত্তা প্রহরীদেরকে অধিকতর সতর্ক থাকার নির্দেশনা প্রদান করতে হবে।

৩. রমজান মাস এবং আসন্ন ঈদ উপলক্ষ্যে ব্যাংক শাখায় গ্রাহকদের ভীড় ও লেনদেনের মাত্রা বৃদ্ধি পায়। এ সময় যাতে জাল নোট বিনিময় না হয় এবং কোন ধরনের চুরি, ডাকাতি, ফ্রড, ফরজারী কিংবা হারানোর মতো ঘটনা না ঘটে সে ব্যাপারে সকলকে সতর্ক থাকার নির্দেশনা প্রদান করতে হবে।

৪. সকল কর্মদিবসসহ ছুটির দিনগুলোতে ব্যাংকের সকল শাখা/কার্যালয়/উপশাখা/এটিএম বুথে সার্বক্ষণিক বেসরকারী নিরাপত্তা প্রহরীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৫. রাত্রিকালীন ব্যাংকের সকল শাখা/কার্যালয়/ উপশাখা/এটিএম বুথে দায়িত্বরত নিরাপত্তা প্রহরীদের নির্দেশনা প্রদান করতে হবে যে, ডিউটি পালনকালে যে কোন অসজ্ঞাতি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শাখার ব্যবস্থাপক/দায়িত্বপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তাকে ফোনে অবহিত করতে হবে। সকল বিভাগীয় কার্যালয় প্রধান, সিআরএম/আরএম/শাখা ব্যবস্থাপক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ছুটির দিনসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হওয়ার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে রোস্টারিং এর মাধ্যমে সংশ্লিষ্ট শাখা/কার্যালয়/ উপশাখা/ এটিএম বুথ পরিদর্শন করতে হবে।

৬. ব্যাংকের সকল শাখা/কার্যালয়/উপশাখা/এটিএম বুথে স্থাপনকৃত সিসিটিভি ক্যামেরাগুলো সচল রাখা নিশ্চিত করতে হবে। কোন সিসিটিভি ক্যামেরা অচল/অকেজো থাকলে জরুরী ভিত্তিতে তা সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে প্রয়োজনে সংশ্লিষ্ট কার্যালয়ের সহযোগীতা গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

৭. সম্ভাব্য অগ্নিকাণ্ডের দুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং শাখা/কার্যালয়ে সংরক্ষিত অগ্নি নির্বাপক যন্ত্রপাতিগুলোর উপযুক্ততা/মেয়াদ ও হাতের কাছে সেগুলোর মজুদ রাখা নিশ্চিত করতে হবে। নিকটস্থ ফায়ার সার্ভিস স্টেশন এর জরুরী ফোন নাম্বারসমূহ শাখার নির্দিষ্ট স্থানে প্রদর্শিত রাখতে হবে।

৮. এ ছাড়াও ব্যাংকের নিকটবর্তী থানা অর্থাৎ পুলিশ স্টেশন, র‍্যাব অফিস, সেনা ক্যাম্প ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে সকল শাখা/কার্যালয়/উপশাখা/এটিএম বুথের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৯। বিষয়টি নিরাপত্তা বিষয়ক এবং অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মোঃ শাহ আলম)
উপমহাব্যবস্থাপক

স্মারক নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬/২০২৪-২০২৫/৭৫৮(৬)

তারিখঃ ০৯-০৩-২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, পিমা/জেএসএস সার্ভিসেস লি., বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। অফিস কপি।


(মোঃ হোসাইন আহমেদ শামীম)
সহকারী মহাব্যবস্থাপক